



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয় 'কৃষি ব্যাংক ভবন'
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১
০২২২৩৩-৮৮৯৪৯
পিএবিএক্সঃ ০২২২৩৩-৮০০২১-২২
০২২২৩৩-৮০০২৪-২৫
০২২২৩৩-৮০০৩১-৩৫
ই-মেইলঃ
dgmlad1@krishibank.org.bd

প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/২৮(৪৮)/২০২১-২০২২/২২০১(১২৫০)

তারিখঃ ২৭/০৪/২০২২

সকল মহাব্যবস্থাপক
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
উপ-মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা/কর্পোরেট শাখাসমূহ
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ কৃষি যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধির জন্য ব্যাংক ঋণের মাধ্যমে কন্সাইন হারভেস্টার আমদানিকারক/সরবরাহকারী হিসেবে এম্বো মেশিনারী ইন্ডাস্ট্রি লিঃ এর ডালিকাভুক্তির চুক্তিপত্র বাতিল করে জমাকৃত নিরাপত্তা জামানতের টাকা ফেরৎ প্রদানের আবেদন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। কৃষি যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধির জন্য ব্যাংক ঋণের মাধ্যমে ট্রাক্টর আমদানিকারক/ সরবরাহকারী হিসাবে ডালিকাভুক্ত প্রতিষ্ঠান হিসেবে এম্বো মেশিনারী ইন্ডাস্ট্রি লিঃ গত ২৯/০৩/২০২১ তারিখ হতে ট্রাক্টর আমদানিকারক/সরবরাহকারী হিসেবে অত্র ব্যাংকের সহিত ডালিকাভুক্ত হয়; যার মেয়াদ আগামী ৩১/১২/২০২২ তারিখ পর্যন্ত বলবৎ আছে। অত্র বিভাগের সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেঃবিঃ-১/২৮(৪৮)/২০২০-২০২১/২৬৪৩(১২৫০) তারিখ ০২/০৬/২০২২ মূলে "ডিএসটি শক্তি" ০৩(তিন)টি মডেলের ০৪(চার)টি ট্রাক্টর এর মূল্য নির্ধারণ করা হয়। এম্বো মেশিনারী ইন্ডাস্ট্রি লিঃ কর্তৃক তাদের আবেদনে উল্লেখ করেন যে, মূল্য নির্ধারণ করার পর অদ্যাবধি একটি ট্রাক্টরও কৃষি ব্যাংকের ঋণে বিক্রয়/সরবরাহ করতে পারেনি। চুক্তিপত্রের ১০(ক) শর্তানুযায়ী ব্যাংক ঋণের বিপরীতে সর্বশেষ সরবরাহকৃত ট্রাক্টর ০১(এক) বছর ০৬(ছয়) মাস পর্যন্ত নির্বিঘ্নে চলার নিশ্চয়তা দিতে হবে মর্মে শর্তারোপ করা হয়। চুক্তি বাতিল করে জামানতের টাকা ফেরত প্রদান করা হলে পরবর্তীতে ব্যাংক বা ঋণ গ্রহীতা যাতে ক্ষতিগ্রস্ত না হয় সেজন্য এম্বো মেশিনারী ইন্ডাস্ট্রি লিঃ কর্তৃক মাঠ পর্যায়ে কোন শাখায় এম্বো মেশিনারী ইন্ডাস্ট্রি লিঃ কর্তৃক "ডিএসটি শক্তি" মডেলের ট্রাক্টর সরবরাহ করা হয়েছে কিনা বা ট্রাক্টর সরবরাহ করা হয়ে থাকলে তার বিরুদ্ধে কোন অভিযোগ/আপত্তি আছে কি না- তথ্য জানা প্রয়োজন।

০৩। এমতাবস্থায়, এম্বো মেশিনারী ইন্ডাস্ট্রি লিঃ কর্তৃক বাংলাদেশ কৃষি ব্যাংকের ঋণে কোন ট্রাক্টর সরবরাহ করা হয়েছে কিনা বা তার বিরুদ্ধে কোন অভিযোগ/আপত্তি আছে কি না তা লিখিত পত্রের মাধ্যমে আগামী ১৮/০৫/২০২২ তারিখের মধ্যে অত্র বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। ১৮/০৫/২০২২ তারিখের মধ্যে কোন জবাব/তথ্য প্রেরণ না করা হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক বাংলাদেশ কৃষি ব্যাংকের ঋণে "ডিএসটি শক্তি" মডেলের কোন ট্রাক্টর সরবরাহ করা হয়নি মর্মে বিবেচনা করা হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোহাম্মদ মঈনুল ইসলাম)

উপমহাব্যবস্থাপক

ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১, ০২২২৩৩-৮৮৯৪৯

তারিখঃ ২৭/০৪/২০২২

প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/২৮(৪৮)/২০২১-২০২২/২২০১(১২৫০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১ মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি অপারেশন বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। (উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে (প্রাইভেট জোন) আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ৫। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ৬। ব্যবস্থাপনা পরিচালক, এম্বো মেশিনারী ইন্ডাস্ট্রি লিঃ, হাউজ নং-৩১, রোড নং-১৪, ডিআইটি প্রজেক্ট, মেরুল বাড্ডা, ঢাকা-১২১২।
- ৭। নথি / মহানথি।

(মোঃ এনামুল হোসেন)

সহকারী মহাব্যবস্থাপক